যুগান্তর

তারিখ ..17.. JAN [illegible]
পৃষ্ঠা ...৮... কলাম ...৫...

# ইবিতে শিক্ষক নিয়োগে দলীয়করণের অভিযোগ

ইবি প্রতিনিধি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে শিক্ষক নিয়োগে ব্যাপক দলীয়করণের অভিযোগ উঠেছে। গত ৩০ ডিসেম্বর সিন্ডিকেটে ৫টি বিভাগে ২৬ জন শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত চূড়ান্ত হয়। এর মধ্যে ২৩ জন গত ৩১ ডিসেম্বর যোগদান করেছেন। এদের অধিকাংশই বিএনপিপন্থী শিক্ষক সংগঠন জিয়া পরিষদের শীর্ষ নেতা, ছাত্রদলের শীর্ষ নেতা এবং কয়েকজন মন্ত্রীর সুপারিশে নিয়োগ পেয়েছেন। এ ঘটনায় জামায়াত সমর্থক শিক্ষকরা তীব্র ক্ষোভ ও অসন্তোষ প্রকাশ করেছেন। ছাত্রশিবিরও ক্ষোভ প্রকাশ করেছে।

শিক্ষক নিয়োগে দলীয়করণের প্রতিবাদে আওয়ামী লীগ সমর্থক শিক্ষক সংগঠন শাপলা ফোরাম, ছাত্রলীগ, ছাত্র ইউনিয়ন, ছাত্রমৈত্রীসহ প্রগতিশীল সংগঠনগুলোর নেতৃবৃন্দ ক্ষোভ প্রকাশ করে অবিলম্বে দলীয় নিয়োগ বন্ধের দাবি জানিয়েছে।